দৈনিক
ইত্তেফাক

তারিখ JUL. 29 20
পৃষ্ঠা ২০ কলাম

# ...ক্ষক আন্দোলন অব্যাহত ॥ ...ক্ষামন্ত্রীর বাসভবনের সামনে ...বস্থান ধর্মঘট আজ

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

...চাকরি জাতীয়করণের দাবিতে শিক্ষক সংগঠনগুলো তাদের কর্মসূচি অব্যাহত রেখেছে। শিক্ষক, ...রী ঐক্যজোটের (সেলিম ভুইয়া) উদ্যোগে আজ শনিবার সারাদেশে জাতীয় সংসদ সদস্যদের ...ভবনের সামনে এক ঘন্টা অবস্থান ধর্মঘট পালন করা হবে। ঢাকায় শিক্ষামন্ত্রী ড. ওসমান ...কের মিন্টো রোডের বাসভবনের সামনে শিক্ষকরা সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অবস্থান ...ট পালন করবেন। শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন গতকাল স্থানীয় একটি রেস্তরাঁয় সংবাদ ...লন করে কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে ১-৩ আগস্ট (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষক আন্দোলন অব্যাহত

(২০শ পৃঃ পর)

৬ দফা দাবি নিয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের সাথে মতবিনিময়, ৪ আগস্ট চট্টগ্রাম ও সিলেটে প্রতিনিধি সভা, ১১ আগস্ট বরিশাল ও খুলনা বিভাগে প্রতিনিধি সভা, ১৮ আগস্ট রাজশাহী বিভাগে প্রতিনিধি সভা, ২৩ আগস্ট ঢাকা বিভাগীয় প্রতিনিধি সভা এবং ২৫ আগস্ট ঢাকার মুক্তাঙ্গনে মহাসমাবেশ।

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট গতকাল জেনেভায় জাতিসংঘের মানবাধিকার কমিশনে জরুরী পত্র দিয়েছে। পত্রে শিক্ষক কর্মচারীদের উপর অব্যাহত নির্যাতন, শিক্ষক সংক্রান্ত ধারাগুলো লংঘন, শিক্ষক বিরোধী কালা কানুন জারির বিষয় তুলে ধরে জরুরী ভিত্তিতে সরেজমিনে পর্যবেক্ষণের জন্য একটি তথ্যানুসন্ধানী প্রতিনিধি দল প্রেরণের অনুরোধ জানানো হয়।